সান্ধ্য জাগোবাংলা

মা মাটি মানুষের পক্ষে সওয়াল

e-paper :www.epaper.jagobangla.in /DigitalJagoBangla /jagobangladigital /jago_bangla www.jagobangla.in

রাজ্য বাজেট

রাজ্য বিধানসভার বাজেট অধিবেশন শুরু হবে আগামী সোমবার ৫ ফেব্রুয়ারি। শুক্রবার বিধানসভায় সর্বদল ও বিএ কমিটির বৈঠকে সিদ্ধান্ত হয়েছে, ৮ ফেব্রুয়ারি বিধানসভায় রাজ্য বাজেট পেশ করা হবে

আমেরিকায় একমাসে চার ভারতীয় পড়ুয়ার রহস্যমৃত্যু

ঝাড়খণ্ডে সপ্তম মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করলেন চম্পাই সোরেন

বর্ষ - ১, সংখ্যা ২৫১ ● ২ ফেব্রুয়ারি, ২০২৪ ● ১৮ মাঘ ১৪৩০ ● শুক্রবার ● ৩ পাতা ● Vol. 1, Issue - 251 ● JAGO BANGLA ● FRIDAY ● 2 FEBRUARY, 2024 ● 3 Pages

ক্যাগের তথ্যে মিথ্যাচার ■ প্রধানমন্ত্রীকে চিঠি দিয়ে প্রতিবাদ

কামান দাগলেন মুখ্যমন্ত্রী

২০০৩-এর দায় আমরা কেন নেব!

প্রতিবেদন : ক্যাগের রিপোর্টের মিথ্যাচারের কথা তুলে ধরে তোপ দাগলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। একইসঙ্গে প্রধানমন্ত্রীকে চিঠি পাঠিয়ে ক্ষোভ জানিয়েছেন। শুক্রবার বিকেলে ধরনা মঞ্চে ক্যাগের রিপোর্ট পড়ে শোনান মুখ্যমন্ত্রী। সেখানে একের পর এক বিষয় তুলে ধরে বিজেপি সরকারের তুলোধোনা করেন।

● ধরনাস্থলে হল ২ জেলার সাংগঠনিক বৈঠক পৃ. ২

বলেন, ক্যাগের সব রিপোর্টে মিথ্যে বলা হচ্ছে। ২০০৩ সালের হিসেব চাইছে আমার কাছ থেকে। কেন? ২০০৩-এর দায় আমি নেব কেন? সেই সঙ্গে কেন্দ্রীয় বাজেট নিয়েও তোপ দাগেন মুখ্যমন্ত্রী। তাঁর কথায়, কেন্দ্রের এই বাজেট অশ্বডিম্ব। এই বাজেটে মধ্যবিত্তদের জন্য কিছুই নেই। কৃষকদের জন্যও কিছুই বলা হয়নি। এই বাজেট বিজেপি সরকারের শেষ বাজেট হতে চলেছে। (এরপর ২ পাতায়)

■ ধরনা শুরুর আগে আম্বেদকরের মূর্তিতে শ্রদ্ধা জানাচ্ছেন মুখ্যমন্ত্রী।

■ বাংলার বঞ্চনার বিরুদ্ধে প্রতিবাদে আম্বেদকরের মূর্তির সামনে মমতা বন্দ্যোপাধ্যায়ের নেতৃত্বে ধরনায় তৃণমূল কংগ্রেস। —সুদীপ্ত বন্দ্যোপাধ্যায়

বিজেপির প্রতিশোধের রাজনীতি

হেমন্তকে নিয়ে নেত্রীর ট্যুইট

প্রতিবেদন : হেমন্ত সোরেনের গ্রেফতার হওয়ায় গর্জে উঠলেন নেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। ইডি-র হাতে গ্রেফতার হওয়া ঝাড়খণ্ডের সদ্যপ্রাক্তন মুখ্যমন্ত্রী হেমন্ত সোরেনকে নিয়ে শুক্রবার এক্স (ট্যুইটার) প্ল্যাটফর্মে লিখলেন, হেমন্ত সোরেন আমার বন্ধু। গতকাল, বৃহস্পতিবার ইডি গ্রেফতার করে ইন্ডিয়া জোটের শরিক ঝাড়খণ্ড মুক্তি মোর্চার প্রধান হেমন্ত সোরেনকে। তার আগে তিনি ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী হিসেবে পদত্যাগ করেন।

হেমন্তের গ্রেফতারি নিয়ে তীব্র নিন্দা প্রকাশ মমতা লিখেছেন, উনি একজন শক্তিশালী তফসিলি নেতা। এই গ্রেফতারিকে বিজেপির প্রতিহিংসার রাজনীতির জন্য ইডি-র অপব্যবহার বলে ব্যাখ্যা করেছেন নেত্রী। তাঁর কথায়, হেমন্ত সোরেনের অন্যায় গ্রেফতারের তীব্র নিন্দা জানাই। বিজেপি-সমর্থিত কেন্দ্রীয় এজেন্সিগুলির প্রতিশোধমূলক কাজ একটি জনপ্রিয় নির্বাচিত সরকারকে দুর্বল করার জন্য। এটি একটি পরিকল্পিত ষড়যন্ত্র। বার্তার শেষে মমতা লেখেন, ঝাড়খণ্ডের প্রাণবন্ত লড়াকু মানুষ আসল লড়াইয়ে যোগ্য জবাব দিয়ে জয় ছিনিয়ে আনবে।

নির্বিঘ্নে মাধ্যমিক, প্রশ্ন ফাঁসের ছকে ধৃত দুই

■ পরীক্ষায় বসার আগে ঝালাই।

প্রতিবেদন : মাধ্যমিকে প্রশ্নফাঁস রুখতে মধ্যশিক্ষা পর্ষদের প্রযুক্তিগত পদক্ষেপ যে কতটা বাস্তবসম্মত এবং ফলপ্রসূ তা প্রমাণিত হয়ে গেল শুক্রবার পরীক্ষার প্রথম দিনেই। মধ্যশিক্ষা পর্ষদের পক্ষ থেকে প্রশ্নপত্রে যে কোড ব্যবহার করা হয়েছে তাতেই ধরা পড়ে গেল মালদহের দুই পরীক্ষার্থীর কীর্তি। জালিয়াতির অপচেষ্টা। পরীক্ষা শুরুর ঘণ্টা দেড়েকের মধ্যে প্রশ্নপত্রের ছবি তুলে সোশ্যাল সাইটে ভাইরাল করার অভিযোগ আসে পর্ষদের কাছে। দ্রুত তদন্তে নেমে কোডের মাধ্যমে দু'টি পরীক্ষাকেন্দ্রের ওই দুই পরীক্ষার্থীকে চিহ্নিত করে ফেলে পর্ষদ। তাদের পরীক্ষা বাতিল করার সিদ্ধান্ত নিয়েছে পর্ষদ। পরীক্ষার্থীদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে দুটি স্মার্ট ফোন এবং একটি স্মার্ট ওয়াচ। (এরপর ২ পাতায়)

টানা কর্মসূচি ঘোষণা নেত্রীর

■ ৪ ফেব্রুয়ারি যুব তৃণমূল কংগ্রেস ■ ৫-এ তৃণমূল ছাত্র পরিষদ ■ ৬-এ মহিলা তৃণমূল কংগ্রেস ■ ৭-এ আইএনটিটিইউসি ■ ৮-এ তৃণমূল সংখ্যালঘু সেল, এসসি-এটি সেল করবে ■ ৯-এ দক্ষিণ ২৪ পরগনা ■ ১০-এ উত্তর ২৪ পরগনা ■ ১১-তে হাওড়া ■ ১২-য় হুগলি ■ ১৩-য় পূর্ব ও পশ্চিম বর্ধমান

অন্তিম বাজেট, বললেন শত্রুঘ্ন

■ কেন্দ্রের বঞ্চনার প্রতিবাদে মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়ের ধরনা মঞ্চে হাজির হন তৃণমূল সাংসদ শত্রুঘ্ন সিনহা। বলেন, মমতা বন্দ্যোপাধ্যায়কে ভয় পাচ্ছে কেন্দ্র, তাই বাংলার মানুষের সঙ্গে বঞ্চনা চালাচ্ছে। কেন্দ্রের এই বঞ্চনাই মোদি সরকারের কফিনে শেষ পেরেক পুঁতে দেবে। এটাই মোদি সরকারের অন্তিম বাজেট।

চাপে পড়ে জল মিশনে কিছু টাকা

■ তৃণমূলের আন্দোলনের চাপে পড়ে কিছুটা হলেও টাকা এল জল-জীবন মিশন প্রকল্পে। কেন্দ্রের জলশক্তিমন্ত্রক রাজ্যকে ৯৫১ কোটি ৫৭ লক্ষ টাকা বরাদ্দ করেছে। যদিও এতে রাজ্য সরকারের ৫০ শতাংশ অবদান রয়েছে। কেন্দ্রের পাশাপাশি রাজ্য সরকারও এই প্রকল্পে কোষাগার থেকে সমান টাকা খরচ করে।

ইন্ডিয়া বৈঠক নিয়ে সুদীপের স্পষ্ট কথা

■ শুক্রবার সকালে বিরোধী জোটের বৈঠকে আমরা যাইনি। কারণ, বাংলায় কংগ্রেসের সঙ্গে সিপিএমের ঘনিষ্ঠতা নিয়ে আমাদের দলের মতবিরোধ চলছে। সেসবের সমাধান না হলে কীভাবে বৈঠকে এ যাব? ইন্ডিয়া জোটে কংগ্রেসের সঙ্গে যে দূরত্ব তৈরি হয়েছে তার জন্যে দায়ী কংগ্রেসই। দিল্লিতে বললেন সুদীপ বন্দ্যোপাধ্যায়।

সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

বিকেলের TOP 10

রাজ্য

- শুরু হল মাধ্যমিক, নির্বিঘ্নেই মিটল প্রথমদিনের পরীক্ষা।
- রাজ্যের উত্তরে নামবে পারদ, দক্ষিণে হালকা বৃষ্টির সম্ভাবনা।
- ছদ্মবেশে বৃদ্ধাদের প্রতারণাচক্র কলকাতায়, গ্রেফতার ১১।
- একবালপুর থেকে যুবককে অপহরণের অভিযোগ, তদন্তে পুলিশ।
- বর্ধমানে লরির চাকায় পিষে মৃত্যু মাধ্যমিক পরীক্ষার্থীর দাদার।
- গাজোলে দুষ্কৃতীদের গুলিতে মৃত মদের দোকানের কর্মী।
- ধূপগুড়িতে পাগলা কুকুরের কামড়ে অসুস্থ হয়ে হাসপাতালে ১৪ গ্রামবাসী।
- মাধ্যমিক পরীক্ষার আগেই আরামবাগে পথ দুর্ঘটনায় মৃত্যু পরীক্ষার্থীর।
- গভীর রাতে ফুলবাড়ি থেকে আগ্নেয়াস্ত্র-সহ গ্রেফতার ২।
- সাতসকালে ময়নাগুড়িতে উদ্ধার নবম শ্রেণির ছাত্রীর ঝুলন্ত দেহ।

দেশে

- "হেমন্ত সোরেনের গ্রেফতারি বিজেপির প্রতিশোধের রাজনীতি", তীব্র নিন্দা মমতার।
- বিজেপির চক্রান্ত বানচাল! ঝাড়খণ্ডের মুখ্যমন্ত্রী পদে শপথ চম্পাই সোরেনের।
- হেমন্ত সোরেনের মামলায় হস্তক্ষেপ করল না সুপ্রিম কোর্ট, ফিরল ঝাড়খণ্ড হাইকোর্টে।
- বেআইনি সমন! পঞ্চমবারের জন্য ইডির হাজিরা এড়ালেন কেজরিওয়াল।
- রাজনৈতিক প্রতিহিংসা বিজেপির! হেমন্ত সোরেনের গ্রেফতারির প্রতিবাদে সংসদে ওয়াকআউট বিরোধীদের।
- নিম্ন আদালতের রায়কে মান্যতা! জ্ঞানবাপীতে পুজো চালিয়ে যাওয়ার নির্দেশ এলাহবাদ হাইকোর্টের।
- লোকসভা ভোটের আগে রাজনীতির ময়দানে সুপারস্টার বিজয়, নতুন দল গঠনের সম্ভাবনা।
- রাজ্যসভার সাংসদ হবেন রঘুরাম রাজন? তুঙ্গে জল্পনা।
- দিল্লি পাবলিক স্কুলে বোমাতঙ্ক! উড়ো ফোন আসতেই আতঙ্কে পড়ুয়ারা।
- বছর শুরুতেই আমেরিকায় চার ভারতীয় পড়ুয়ার মৃত্যু! উদ্বিগ্ন ভারতীয় কনসুলেট।

বিদেশে

- মালদ্বীপের আর্থিক সহায়তা কমল, তবু পরিমাণ কম নয়।
- শান্তিরক্ষায় 'সঙ্গী', ভারতকে ৩১টি শিকারি ড্রোন বিক্রিতে সায় আমেরিকার।
- এক মাসে চতুর্থ ঘটনা! আমেরিকায় ফের মৃত্যু ভারতীয় পড়ুয়ার।
- দুই সন্তানকে ১৫ তলার জানলা থেকে ছুঁড়ে খুন! মৃত্যুদণ্ড কার্যকর চিনের যুগলের।
- 'বাইডেন ও ট্রাম্প খিটখিটে বুড়ো', দুই মার্কিন রাষ্ট্রনেতার বয়স নিয়ে খোঁচা নিকি হ্যালির।
- গাজা যুদ্ধের প্রতিবাদে তুরস্কে ৭ শ্রমিক জিম্মি, ৯ ঘণ্টা পর উদ্ধার।
- আমেরিকায় ১ লাখ ৯৬ হাজার টাকায় বিক্রি হল একটি লেবু।
- ইন্দোনেশিয়ায় পৌঁছেছে আরও ১৫০ জনের বেশি রোহিঙ্গা।
- গাজায় যুদ্ধবিরতির পরিকল্পনায় প্রাথমিক অনুমোদন দিয়েছে হামাস, দাবি কাতারের।
- বাড়িতেই সাজাভোগ করবেন ইমরানের স্ত্রী বুশরা বিবি।

খেলা

- বিশাখাপত্তনম টেস্টে অনবদ্য সেঞ্চুরি যশস্বী জয়সওয়ালের।
- ভারতীয় টেস্ট স্কোয়াড থেকে ছেড়ে দেওয়া হল মহম্মদ সিরাজকে, ফিরবেন তৃতীয় টেস্টের আগে।
- ওয়াশিংটন সুন্দরকে বিশাখাপত্তনম টেস্টে খেলানো উচিত ছিল: রবি শাস্ত্রী।
- বাংলার বিরুদ্ধে রঞ্জি ম্যাচে বসলেন মুম্বই অধিনায়ক রাহানে, দলে পৃথ্বী।
- ধোনির সঙ্গে তুলনায় মানসিক অবসাদে ভুগতাম : ঋষভ পন্থ।
- রোনাল্ডোহীন আল নাসেরের কাছে ছ'গোল হজম করতে হল মেসির ইন্টার মায়ামিকে।
- গেটাফেকে হারিয়ে ফের লা লিগার শীর্ষে রিয়াল মাদ্রিদ।
- প্রিমিয়ার লিগে উলভকে ৪-৩ গোলে হারাল ম্যাঞ্চেস্টার ইউনাইটেড।
- শামার জোসেফকে কেন্দ্রীয় চুক্তির আওতায় আনল ওয়েস্ট ইন্ডিজ বোর্ড।
- ডেভিস কাপের প্রথম সিঙ্গলসে পাকিস্তানের আইসাম কুরেশির বিরুদ্ধে খেলবেন রামকুমার রমানাথন।

মেলাকে তীর্থকরের বোঝামুক্ত করেছে রাজ্য

অসীম মণ্ডল
অধ্যাপক

(বুধবারের পর)

কপিলমুনি আশ্রমের স্বত্ব উত্তরপ্রদেশ সরকারের। তাই কপিলমুনি মন্দিরে প্রাপ্ত দান, প্রণামী, লরি ভর্তি করে সরকারি পাহারায় উত্তরপ্রদেশে পৌঁছে দেওয়া রাজ্য সরকারের দায়িত্ব ছিল। তাই মেলা পরিচালনা করার জন্য তীর্থকর ছিল দস্তুর। কিন্তু বর্তমান সরকার সাধারণ তীর্থযাত্রীদের উপর থেকে এই বোঝা সরিয়ে নিয়ে সাগরমেলাকে উন্মুক্ত করল, সহজ করল। কমিউনিস্ট মেলা ভাবনায় যে বাখতেনিয়ান বহুস্বর আছে, তা প্রথম ধ্বনিত হল মমতা বন্দ্যোপাধ্যায়ের ভাবনায়। আহা কী সমাপতন! সাতবারের নির্বাচিত সিপিআইএম বিধায়ক ছিলেন সাগরে, ছিল সাগর পঞ্চায়েত সমিতি। তবুও সাগর বঞ্চিত থেকেছে, আলো-সেতুর নাম করে বারবার ভোট বৈতরণী পার হয়েছে। ২০১১ সালে ক্ষমতায় আসার পর মুখ্যমন্ত্রী গঙ্গাসাগর সংস্কারে জোর দিয়েছেন। হয়েছে নতুন রাস্তা, রাস্তা চওড়া হয়েছে, সেজে উঠেছে সাগরদ্বীপ। ইয়াস, আমফানের মার সামলে আবারও মাথা তুলে দাঁড়িয়েছে। তরমুজ, লঙ্কার অনিশ্চিত রোজগারের জায়গায় পানের চাষ মানুষকে আর্থিক ভাবে শক্ত করেছে। আগে সন্ধে সাতটা থেকে রাত সাড়ে ৯টা পর্যন্ত রুদ্রনগর সাব স্টেশন থেকে বিদ্যুৎ সরবরাহ হত। তা-ও আবার মূল রাস্তা সংলগ্ন একটু অর্থনৈতিক অবস্থা ভাল সেইসব বাড়িতে। আজ প্রায় ৯ এমইউ বিদ্যুৎ সরবরাহ হয় প্রতিদিন। মেলার সময় সেটা দ্বিগুণ হয়। থাকে ৬টি জেনারেটর, আর ৪০০ বিদ্যুৎকর্মী। সাগরদ্বীপের বৈদ্যুতিক পরিকাঠামোর আমূল পরিবর্তন সাগরের মানুষের কাছে রোজগারের নতুন নতুন পথ খুলে দিয়েছে। অথচ বাম আমলে বিদ্যুৎ নিয়ে মিথ্যে ভয় প্রদর্শন, সন্তানহীনতা, মৃত্যু ইত্যাদির মাধ্যমে মিথ তৈরি করা হয়েছে। সাগরের উন্নয়ন থমকে গেছে। আজ মেলাকে ঘিরে মুখ্যমন্ত্রী সাগরের দরজায়। *(চলবে)*

দুই বর্ধমান নেতৃত্বকে বার্তা নেত্রীর

প্রতিবেদন : মহানগরের রাজপথে বসেই দুই বর্ধমান জেলা নেতৃত্বকে নিয়ে বৈঠক করলেন তৃণমূলের সর্বভারতীয় সভানেত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। শুক্রবার ধরনা মঞ্চের পাশে অস্থায়ী কার্যালয় থেকে তিনি দুই জেলার নেতৃত্বকে লোকসভা নির্বাচনের প্রস্তুতিতে ঝাঁপিয়ে পড়ার নির্দেশ দেন। স্থির করে দেন আগামীর রূপরেখা। জেলা নেতৃত্বের প্রত্যেককেই নির্দিষ্ট দায়িত্ব বণ্টন করে দেন দলীয় সুপ্রিমো।

দুই বর্ধমান মিলিয়ে মোট তিনটি লোকসভা আসন রয়েছে। ২০২৪-এর লোকসভা নির্বাচনে তিনটি আসনেই জয়ের জন্যই ঝাঁপিয়ে পড়ার নির্দেশ দেন মমতা বন্দ্যোপাধ্যায়। এদিনের বৈঠকে উপস্থিত ছিলেন তৃণমূলের রাজ্য সভাপতি সুব্রত বক্সি, মন্ত্রী স্বপন দেবনাথ-সহ পূর্ব ও পশ্চিম বর্ধমানের সমস্ত নেতৃত্ব। দলনেত্রীর কথা শুনে জেলা নেতৃত্ব উজ্জীবিত। তাঁরা নির্দিষ্ট লক্ষ্য নিয়ে এবার ঝাঁপিয়ে পড়বেন জেলায়। জেলা নেতৃত্বের পাখির চোখ ২০২৪ লোকসভা নির্বাচন।

শপথ নিলেন চম্পাই সোরেন

প্রতিবেদন : ঝাড়খণ্ডের নতুন মুখ্যমন্ত্রী হলেন ঝাড়খণ্ড মুক্তি মোর্চা বা জেএমএম নেতা চম্পাই সোরেন। শুক্রবার আনুষ্ঠানিক ভাবে শপথ নিলেন তিনি। এদিন বেলা বারোটায় ঝাড়খণ্ডের রাজভবনে রাজ্যপাল সি পি রাধাকৃষ্ণণ চম্পাই সোরেনকে শপথবাক্য পাঠ করান। যাবতীয় টালবাহানা কাটিয়ে অবশেষে বৃহস্পতিবার বেশি রাতে রাজ্যপাল চম্পাইকে সরকার গড়ার আমন্ত্রণ জানান। রাজ্যপাল তাঁকে দশদিনের মধ্যে বিধানসভায় সংখ্যাগরিষ্ঠতার প্রমাণ দিতে বলেছেন।

নির্বিঘ্নে মাধ্যমিক

(প্রথম পাতার পর)

পর্ষদ সভাপতি রামানুজ বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন, এবছরে তারা আর মাধ্যমিক পরীক্ষায় বসতে পারবে না। পরীক্ষা হলে কীভাবে ওই পরীক্ষার্থীরা মোবাইল ফোন নিয়ে প্রবেশ করল তা খতিয়ে দেখা হচ্ছে। চাওয়া হয়েছে রিপোর্ট। এরই ভিত্তিতে সংশ্লিষ্ট পরীক্ষাকেন্দ্রের দায়িত্বপ্রাপ্তদের বিরুদ্ধেও ব্যবস্থা নেওয়া হবে বলে সিদ্ধান্ত নিয়েছে পর্ষদ। তবে শুক্রবার মাধ্যমিক পরীক্ষার প্রথম দিনটি কেটেছে নির্বিঘ্নেই। সম্পূর্ণ শান্তিপূর্ণভাবে। প্রশ্নপত্র দেখে খুশি ছাত্রছাত্রীরা।

■ মানবিক পুলিশ। মাধ্যমিক পরীক্ষার্থীকে পরীক্ষা কেন্দ্রে পৌঁছে দিলেন ট্রাফিক ওসি। শুক্রবার জলপাইগুড়িতে।

■ শুক্রবার টালিগঞ্জের ৯৭ নম্বর ওয়ার্ডের অশোকনগর বিদ্যাপীঠ, মিলনগড় গার্লস হাইস্কুল, ৯৮ নম্বর ওয়ার্ডের নেতাজিনগর বালিকা বিদ্যামন্দির এবং ১১২ নম্বর ওয়ার্ডের গড়িয়া বীণা বালিকা বিদ্যালয়ে মাধ্যমিক পরীক্ষার্থীদের অভিভাবক-অভিভাবিকাদের সঙ্গে মিলিত হন স্থানীয় বিধায়ক তথা রাজ্যের মন্ত্রী অরূপ বিশ্বাস।

জেলায় ঠান্ডা

প্রতিবেদন : শহরের আকাশ মেঘলা। বৃহস্পতিবার হয়েছে ঝিরঝিরে বৃষ্টিও। উধাও হয়েছে শীত। শুক্রবার সকাল থেকেই গরম ভাব। ঠান্ডা নেই। হাওয়া অফিস জানিয়েছে, ফের মঙ্গলবার থেকে বৃষ্টি হবে কলকাতায়। পাল্লা দিয়ে বাড়বে তাপমাত্রা। কিন্তু কলকাতা লাগোয়া জেলা-সহ দুই বর্ধমান, বাঁকুড়া, পুরুলিয়া এবং দুই মেদিনীপুরে ফের তাপমাত্রা নামার সম্ভাবনা রয়েছে।

দায় আমরা কেন নেব

(প্রথম পাতার পর)

এদিন, বেলা ১টা থেকে বাংলার বিরুদ্ধে বঞ্চনার প্রতিবাদে ধরনা শুরু করেছেন মমতা বন্দ্যোপাধ্যায়। তিনি বলেন, অভিষেক যখন জন্মায়নি তখনকার তথ্য চেয়ে এজেন্সি চিঠি পাঠিয়েছে। বুঝুন তবে, দেশটাকে কোথায় নিয়ে গেছে। সাতদিনের সময়সীমা পেরিয়ে যেতেই শুক্রবার কলকাতার রেড রোডে ৪৮ ঘণ্টার ধরনা শুরু করলেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তাঁর সঙ্গে ধরনা মঞ্চে শামিল হলেন রাজ্যের মন্ত্রী ও দলের শীর্ষস্থানীয় নেতা-নেত্রীরাও।

বাংলার মুখ্যমন্ত্রী তথা তৃণমূল সুপ্রিমো মমতা বন্দ্যোপাধ্যায় এদিন ধরনায় বসার আগেই সংবিধান প্রণেতা বাবাসাহেব আম্বেদকরের মূর্তিতে মাল্যদান করেন। তারপর ওঠেন মূল ধরনা মঞ্চে। টানা ৪৮ ঘণ্টার ধরনায় যাতে রাজ্যের প্রশাসনিক কাজে কোনও বিঘ্ন না ঘটে তার জন্য ধরনা মঞ্চ থেকেই কাজ করার সিদ্ধান্ত নেন মুখ্যমন্ত্রী। ধরনা মঞ্চের পাশে তৈরি করা হয় অস্থায়ী কার্যালয়। একই সঙ্গে এদিনই ধরনা মঞ্চ থেকে দুই বর্ধমান জেলা নেতৃত্বের সঙ্গে বৈঠকও করেন তৃণমূল সুপ্রিমো।

২ ফেব্রুয়ারি মহাত্মা গান্ধী জাতীয় গ্রামীণ নিশ্চিত কর্মসংস্থান আইন দিবস। এদিনেই মমতা বন্দ্যোপাধ্যায় ধরনায় বসলেন একশো দিনের কাজ, আবাস যোজনা-সহ একাধিক প্রকল্পে প্রাপ্য বকেয়া আদায়ের দাবিতে এবং কেন্দ্রের বঞ্চনার প্রতিবাদে। তিনি কালো পাড়ের শাড়ি পরে আসেন ধরনা মঞ্চে। মঞ্চে উপস্থিত সকলেই কালো শাড়ি বা কালো পোশাক পরেছিলেন। কালো রংকেই প্রতিবাদের হাতিয়ার বানিয়ে কেন্দ্রের বঞ্চনার বিরুদ্ধে সরব হন তিনি। তাঁর সাফ কথা, বাংলার বকেয়া দিন, নইলে গদি ছাড়ুন।

এদিন তিনি সবাইকে সুশৃঙ্খলভাবে জমায়েতের নির্দেশ দেন। সাবধান করে দেন, যেন যান চলাচলের সমস্যা না হয়। ধরনা মঞ্চ থেকে মুখ্যমন্ত্রীর পাশে বসে কেন্দ্রকে খামোশ বার্তা দেন তৃণমূল সাংসদ শত্রুঘ্ন সিনহা। বলেন এটাই মোদি সরকারের অন্তিম বাজেট। মুখ্যমন্ত্রীর সঙ্গে ধরনা মঞ্চে ছিলেন সুব্রত বক্সি, অরূপ বিশ্বাস, ফিরহাদ হাকিম, শোভনদেব চট্টোপাধ্যায়, চন্দ্রিমা ভট্টাচার্য, শশী পাঁজা, স্বপন দেবনাথ, দেবাশিস কুমার, বৈশ্বানর চট্টোপাধ্যায়, কৃষ্ণা চক্রবর্তী, সমীর চক্রবর্তী প্রমুখ।

সম্পাদক : সুখেন্দুশেখর রায়
● সর্বভারতীয় তৃণমূল কংগ্রেসের পক্ষে ডেরেক ও'ব্রায়েন কর্তৃক তৃণমূল ভবন, ৩৬জি, তপসিয়া রোড, কলকাতা ৭০০ ১০০ থেকে প্রকাশিত। সিটি অফিস : ২৩৪/৩এ, এজেসি বোস রোড, পঞ্চম তল, কলকাতা ৭০০ ০২০

সান্ধ্য জাগোবাংলা
মা মাটি মানুষের পক্ষে সওয়াল

রেড রোডে ধরনা মঞ্চের খণ্ডচিত্র